

2023/TDC(CBCS)/ODD/SEM/
BNGHCC-501T/364

TDC (CBCS) Odd Semester Exam., 2023

BENGALI
(Honours)
(5th Semester)

Course No. : BNGHCC-501T

(বিশ শতকের বাংলা সাহিত্য-২)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্সন্স সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো দুটি প্রশ্ন নিয়ে দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

UNIT—I

- ১। 'পদাতিক কবি' নামে কে পরিচিত? তিনি বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় থেকে কোন্ পুরস্কার লাভ করেছিলেন?
- ২। বাংলা সাহিত্য জগতে কে 'দুঃখবাদী কবি' হিসেবে পরিচিত? তাঁর যে কোনো একটি কাব্যগ্রন্থের নাম লেখো।
- ৩। জীবনানন্দ দাশের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? 'বনলতা সেন' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(2)

UNIT—II

- ৪। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'অশনি সংকেত' উপন্যাস ছাড়া তাঁর লেখা অন্য যে কোনো দুটি উপন্যাসের নাম লেখো।
- ৫। অনঙ্গ-বৌয়ের ছেলে দুটির নাম কী ছিল?
- ৬। গঙ্গাচরণের আদি বাসস্থান কোথায়? তিনি সর্বশেষ যে গ্রামে বসতি স্থাপন করেছিলেন সেই গ্রামের নাম কী?

UNIT—III

- ৭। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের জন্ম এবং মৃত্যুসাল উল্লেখ করো।
- ৮। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় কোন উপন্যাসের জন্য 'রবীন্দ্র পুরস্কার' এবং কোন উপন্যাসের জন্য 'জ্ঞানপীঠ পুরস্কার' অর্জন করেছিলেন?
- ৯। 'কবি' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে? উপন্যাসটির মোট পরিচ্ছেদ সংখ্যা কত?

UNIT—IV

- ১০। মনোজ মিত্রের লেখা তোমার পাঠ্য-নাটক ছাড়া অন্য দুটি পূর্ণাঙ্গ নাটকের নাম লেখো।
- ১১। "এখনও বাগান সাজাচ্ছে! গাছ পুঁতছে! ও গাছের ফল খাবে কে?" কে, কাকে এই কথা বলেছিল?
- ১২। 'সাজানো বাগান' নাটকের অঙ্ক-সংখ্যা কত? নাটকটি কী নামে চলচ্চিত্রায়িত হয়েছিল?

24J/363

(Continued)

(3)

UNIT—V

- ১৩। মহাশ্বেতা দেবীর জন্ম এবং মৃত্যুসাল উল্লেখ করো।
- ১৪। 'বিহ্ন' গল্পে উল্লিখিত দুটি গ্রামের নাম লেখো।
- ১৫। "কঙ্কালের গলা থেকে অতি যত্নে হারটা খুলল।" হারটি কীসের ছিল? কোন্ স্যাকরা এই হারটি গড়েছিল?

SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ১০×৫=৫০

UNIT—I

- ১৬। "অবনী বাড়ি আছে" কবিতাটি এক অর্থে সময় ও সমাজ-ঘনিষ্ঠ কবির আশ্রয়-উন্মোচন।" মন্তব্যটি বিশ্লেষণ করো।
- ১৭। সুভাষ মুখোপাধ্যায়ের 'বত দূরেই যাই' কবিতাটির একটি রসগ্রাহী আলোচনা প্রস্তুত করো।

UNIT—II

- ১৮। "১৩৫০ বঙ্গাব্দের মনুষ্যসৃষ্ট মন্বন্তর যেভাবে গ্রাম বাংলায় অনুপ্রবেশ করেছিল, তার বাস্তব চিত্র অঙ্কিত হয়েছে 'অশনি সংকেত' উপন্যাসে।" তোমার পাঠ্য-অভিজ্ঞতার মাধ্যমে মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো।
- ১৯। 'অশনি সংকেত' উপন্যাস অবলম্বনে গঙ্গাচরণ চরিত্রটি বিশ্লেষণ করো।

24J/363

(Turn Over)

UNIT—III

- ২০। “ভালোবেসে মিটল না আশ, কুলালো না এ জীবনে।
হায়, জীবন এত ছোট কেনে?—নিতাইচরণের এই আক্ষেপ
মূলত তার জীবনতৃষ্ণা থেকেই উদ্ভূত।” আলোচনা করো।
- ২১। ‘কবি’ উপন্যাসে ব্রাত্য জীবনের যে ছবি ফুটে উঠেছে তার
পরিচয় দাও।

UNIT—IV

- ২২। “ ‘সাজানো বাগান’ এমন একটি নাটক, যেখানে বক্তব্যের
অন্তঃসলিলা স্রোতে ভাসতে ভাসতে দর্শকের মনে অজান্তেই
গভীর ভাব প্রোথিত হয়।” সমালোচকের এই বক্তব্য বিশদভাবে
বুঝিয়ে দাও।
- ২৩। ‘সাজানো বাগান’ নাটকের সংলাপ কতটুকু সার্থক হয়েছে,
আলোচনা করো।

UNIT—V

- ২৪। মহাশ্বেতা দেবীর ‘ভাত’ গল্পে মানুষের চিরক্ষুধার যে বর্ণনা
দিয়েছেন তা পর্যালোচনা করো।
- ২৫। ‘সংরক্ষণ’ গল্পের নামকরণে যে বহুমাত্রিক ব্যঞ্জনা আছে তা
পরিষ্ফুট করো।
